

এইচএসসির ফল

# এবারও কুমিল্লায় এগিয়ে মেয়েরা

কুমিল্লা প্রতিনিধি

২৭ নভেম্বর, ২০২৩  
১১:২৮

শেয়ার

অ +

অ -



কুমিল্লা শিক্ষা বোর্ড। ফাইল ছবি

গত বছর পাসের হারে দেশসেরা হয়েছিল কুমিল্লা বোর্ড। তবে এ বছর কমেছে পাসের হার। একই সঙ্গে কমেছে জিপিএ ৫। এবার পাসের হার ৭৫.৩৯ শতাংশ।

জিপিএ ৫ পেয়েছে পাঁচ হাজার ৬৫৫ জন। গত কয়েক বছরের মতোই এবারও ছেলেদের তুলনায় এগিয়ে মেয়েরা।

গতকাল পরীক্ষা নিয়ন্ত্রক মো. আসাদুজ্জামান সংবাদ সম্মেলন করে ফল ঘোষণা করেন। এ সময় তিনি বলেন, গত বছর সব বিষয়ে পূর্ণ নম্বরে পরীক্ষা হয়নি।

এ বছর শুধু আইসিটি ছাড়া সব বিষয়ে পূর্ণ নম্বরে পরীক্ষা হয়েছে। আর আইসিটি বিষয়ে ৭৫ নম্বরে পরীক্ষা হয়েছে, এ জন্য পাসের হার ও জিপিএ ৫ কমেছে। এ বছর শতভাগ পাস করেছে ১৭টি প্রতিষ্ঠান। আর পাসের হার শূন্য রয়েছে ফেনীর একটি প্রতিষ্ঠানে।

বোর্ডের ছয়টি জেলার মধ্যে এ বছর সবচেয়ে ভালো করেছে চাঁদপুর এবং দ্বিতীয় অবস্থানে রয়েছে কুমিল্লা জেলা।